

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৬৮.১৮/৪০৩/৪

তারিখ : ১১/০২/২০১৯ খ্রি.


বিষয় : জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র : জনাব জীবন কুমার চন্দ, সহকারী অধ্যাপক(অর্থনীতি) গং দেব আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ উপজেলাধীন আরমিরীগঞ্জ সরকারি কলেজে(সদ্য জাতীয়করণ) জ্যেষ্ঠতা লঙ্ঘন করে জনাব রানা রঞ্জন চৌধুরীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পণ করা হয়েছে মর্মে সূত্রোক্ত স্মারক মোতাবেক অভিযোগ পাওয়া গেছে।

জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী -“শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। তবে কোন শিক্ষকের নিয়োগ নিয়মিতকরণ করা হলে নিয়মিতকরণের তারিখ যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে। যোগদানের তারিখ একই হলে জন্মতারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে”।

এমতাবস্থায়, অধ্যক্ষের অনুপস্থিতিতে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

 ০২.০২.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

জনাব রানা রঞ্জন চৌধুরী
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
(মূলপদ : সহকারী অধ্যাপক)
আজমিরীগঞ্জ সরকারি কলেজ
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে) :

- ০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ;
- ০৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৯৮৮(ক-৩)/১০(অংশ-১)/১০৫/১৪

তারিখ : ৩১/০১/২০১৯ খ্রি.

বিষয় : জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র : জনাব মো: আক্তারুজ্জামান, সহকারী অধ্যাপক(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) গং দের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর এইচ.আর.মেমোরিয়াল কলেজে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করা হয়েছে মর্মে জনাব মো: আক্তারুজ্জামান, সহকারী অধ্যাপক ও জনাব মো: সাহিদুজ্জামান, সহকারী অধ্যাপক সহ ৪ জন শিক্ষক অভিযোগ দায়ের করেন। অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের সংখ্যা-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ এবং ০৯/০৭/২০১২ তারিখের নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ পরিপত্র মোতাবেক জ্যেষ্ঠতার ভিত্তিতে দায়িত্বভার প্রদান করতে হয়।

এমতাবস্থায়, অধ্যক্ষের অনুপস্থিতিতে মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ ও ০৯/০৪/২০১২ তারিখের পরিপত্র মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

সভাপতি, গভর্নিং বডি

এইচ আর মেমোরিয়াল কলেজ

খিলগাঁও, ঢাকা।

বিতরণ:

- ০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ০২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
- ০৩। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এইচ আর মেমোরিয়াল কলেজ, খিলগাঁও, ঢাকা;
- ০৪। সংরক্ষণ নথি।